গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব শাখা
www.moulvibazar.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১৬.০০৩০.২৫-২৪৯৬

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্ধ্বের জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বান বিজ্ঞপ্তি**

এতদ্বারা ভূমি মন্ত্রণালয়ের ০২.০৯.২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৫৫৫নং প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় মৌলভীবাজার জেলাধীন ২০ একরের উর্ধ্বের নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ ১৪৩৩ বঙ্গাব্দ সনে দখল প্রদানের তারিখ হতে ১৪৩৮ বঙ্গাব্দ সনের ৩০ চৈত্র অর্থাৎ আগামী ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদ পর্যন্ত ইজারা প্রদান করা হবে। বর্ণিত ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী ও বর্ণিত শর্তাধীনে অনলাইনে **jm.lams.gov.bd** ওয়েবসাইটে আবেদন আহ্বান করা যাচ্ছে।

**উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্ধ্বের বদ্ধ সরকারি জলমহাল ইজারা ব্যবস্থাপনার সিডিউল**

| ক্র. | তারিখ | গৃহীতব্য কার্যক্রম |
|---|---|---|
| ১. | ৩১ আশ্বিনের মধ্যে (১৫ অক্টোবরের মধ্যে) | জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে উন্নয়ন প্রকল্পের আওতায় জলমহাল ইজারার আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ। |
| ২. | ০৪ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে (২০ অক্টোবর থেকে ১৫ নভেম্বরের মধ্যে) | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল। |
| ৩. | ৩০ কার্তিকের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৫ নভেম্বরের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল। |
| ৪. | ২২ অগ্রহায়ণের মধ্যে (৭ ডিসেম্বর এর মধ্যে) | আবেদনসমূহ যাচাই-বাছাইঅন্তে জেলা জলমহাল ব্যবস্থাপনা কর্তৃক সুপারিশ এবং নির্ধারিত ছকে জলমহালের তথ্যাদিসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ কর্তৃক ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ। |
| ৫. | ১৩ পৌষের মধ্যে (২৮ ডিসেম্বর এর মধ্যে) | ভূমি মন্ত্রণালয় কর্তৃক সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপনের মাধ্যমে জলমহালের ইজারা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ। |
| ৬. | ১৬ পৌষের মধ্যে (৩১ ডিসেম্বর এর মধ্যে) | ভূমি মন্ত্রণালয় হতে সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটি কর্তৃক জলমহালের ইজারাদেশ/সিদ্ধান্ত জেলা প্রশাসকের নিকট প্রেরণ। |
| ৭. | ৩০ চৈত্রের মধ্যে (১৩ এপ্রিলের এর মধ্যে) | সরকারি পাওনাদি বুঝে নিয়ে অনুমোদিত ইজারাগ্রহীতাদের সাথে চুক্তি সম্পাদন ও জলমহালের অনুমোদিত ইজারাদারদের নিকট দখল হস্তান্তর। |

**আবেদনের পদ্ধতি ও শর্তাবলী**

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে। **বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়সূচী অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব শাখা অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে জেলা প্রশাসক, মৌলভীবাজার এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোনো তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয়**

**করতে হবে। পূরণকৃত আবেদন ফরমটি স্ক্যান করে ৫০০/- (পাঁচশত) টাকা জমার রশিদসহ অনলাইনে দাখিলপূর্বক ফরমের মূল কপি ও জমার রশিদ সংশ্লিষ্ট ইজারা আবেদনের সাথে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজারে দাখিল করতে হবে।**

২. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা **jm.lams.gov.bd** লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

৩. উন্নয়ন প্রকল্পের আওতায় আগামী ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা **০৪ কার্তিক হতে ৩০ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ (২০ অক্টোবর হতে ১৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ)** অফিস চলাকালীন সময় পর্যন্ত। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপনীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময়সীমা পর্যন্ত সংরক্ষণ করা হবে। তবে দাখিলকারী আবেদন দাখিলের পর আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপি সংগ্রহ করতে পারবে।

৪. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা অর্থাৎ ৩০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানত বাবদ জেলা প্রশাসক, মৌলভীবাজার এর অনুকূলে প্রস্তাবিত ইজারামূল্যের ন্যূনতম ২০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজারে দাখিল করতে হবে। ইজারাগ্রহীতা সমিতিকে ১ম বছরের মতোই পরবর্তী বছর হতে ৫ম বছর পর্যন্ত প্রতি বছর বার্ষিক ইজারামূল্যের সাথে সংশ্লিষ্ট বছরের ইজারামূল্যের ২০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত বাবদ জেলা প্রশাসক, মৌলভীবাজার এর অনুকূলে জমা দিতে হবে, যা ইজারাগ্রহীতা সমিতির শেষ অর্থাৎ ৬ষ্ঠ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে। জামানত বাবদ দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সঠিকতা যাচাইয়ের স্বার্থে ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) অবশ্যই আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৫. **উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা পাওয়ার নিমিত্ত নিম্নবর্ণিত কাগজপত্র অনলাইনে দাখিল করতে হবে:**

(১) নির্ধারিত ফরমে বদ্ধ সরকারি জলমহাল বন্দোবস্ত/ইজারার আবেদন (ক্রয়কৃত সিডিউল)

(২) জেলা প্রশাসক, মৌলভীবাজার বরাবর প্রদেয় জামানত বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি

(৩) উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে)

(৪) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি

(৫) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি

(৬) আবেদনকারী সমিতি/সংগঠনের প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র

(৭) আবেদনকারী সমবায় সমিতি/সংগঠন বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র

(৮) সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র

(৯) সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্র

(১০) সমিতির গঠনতন্ত্র

(১১) সমিতির সভার কার্যবিবরণী

(১২) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে)

(১৩) সর্বশেষ ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট (নতুন নিবন্ধিত সমিতি/সংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য নয়)

(১৪) সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে ৩০০/- টাকান নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা

(১৫) মৎস্যজীবী পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)

৬. আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটিতে উপস্থাপনের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হবে।



CamScanner

৭. জলমহালের বিষয়ে মহামান্য সুপ্রিমকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালত কিংবা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ থাকলে, সেক্ষেত্রে ইজারা কার্যক্রম উক্ত স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ প্রত্যাহার/নিস্পত্তির পর পরিচালিত হবে।

৮. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত/অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৯. জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি ও ইজারা পাওয়ার জন্য অন্যান্য সকল শর্তাদি (পরিশিষ্ট-ক) জেলা ওয়েব পোর্টাল www.moulvibazar.gov.bd এবং জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর নোটিশ বোর্ড ও রাজস্ব (এস.এ) শাখা হতে জানা যাবে।

**উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা**

| ক্র. | জলমহালের নাম | মৌজা ও জে.এল নম্বর | পরিমাণ (একরে) | বিগত ০৩ বছরের মধ্যে সর্বোচ্চ ইজারামূল্য | ২৫% বর্ধিত হারে সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | **উপজেলা: মৌলভীবাজার সদর** | | | | | |
| (১) | পরচালাচারী বিল (বদ্ধ) | বুদ্ধিমন্তপুর-৫৮ | ৩০.৩৬ | --- | ৩৩,১২৫/- | ১০৬/২০০৩নং স্বত্ব, ৪৬১০/২০১০ ও ৩৫৪/২০২০নং সিভিল রিভিশন |
| (২) | তেরাচাপড়ী বিল (বদ্ধ) | আগিউন-১২৩ | ৩১.০০ | --- | ৭৮,১২৫/- | ২৬৫৫/২০০৬নং সিভিল রিভিশন ও রেকর্ড সংশোধন মামলা নং-৮০৭/২০১৯ |
| (৩) | ধলী বিল (বদ্ধ) | নরিয়া-৫৪ | ২৯.৫৭ | --- | ৭৮,১২৫/- | ১০৬/২০০৩নং স্বত্ব, ৪৬১০/২০১০ ও ৩৫৪/২০২০নং সিভিল রিভিশন |
| (৪) | মরকা কালনী গোলমা (বদ্ধ) | ব্রাহ্মণগাঁও-১<br>হামরকোনা-৪<br>বিলগুঞ্জরী-৬ | ২৬.৮৫ | --- | ৫০,৩৪৪/- | |
| (৫) | গোপলা (বদ্ধ) | আথানগিরি-১২১<br>কাগাবলা-১২৮ | ৩৪.৩১ | --- | ৪,৩৭,৫০০/- | ৪২৬৫/২০১৪নং রিট পিটিশন |
| (৬) | পলিতা বিল (বদ্ধ) | পদিনাপুর-৫৬ | ১০৮.৯৫ | ৯,৭০,০২২/- | ১২,১২,৫২৮/- | |
| (৭) | আগারী বিল (বদ্ধ) | হোসেনপুর-১৫৪ | ৭২.৮৬ | ১,৮১,৯১৫/- | ২,২৭,৩৯৪/- | |
| (৮) | গোরাদিগার খাল (বদ্ধ) | বড়ইউড়ি-১৫৬ | ২৬.০২ | ১,৪৩,৩২৫/- | ১,৭৯,১৫৬.২৫ | |
| (৯) | চাতল বিল (বদ্ধ) | বীরগাঁও-১১৯ | ৩২.২০ | ২০,৪২০/- | ২৫,৫২৫/- | |
| (১০) | বেরী বাঁধ (বদ্ধ) | মানিক হাওর-১৫৫ | ২১.১৯ | ১,৪১,২৪৩/- | ১,৭৬,৫৫৪/- | |
| (১১) | মনু ১২ নং খন্ড (বদ্ধ) | শেওয়াইজুরী-২৪ | ২০.৬৫ | ৩,৫৯,২৮৭/- | ৪,৪৯,১০৯/- | |
| | **উপজেলা: মৌলভীবাজার সদর ও নবীগঞ্জ (আন্তঃজেলা)** | | | | | |
| (১২) | বড় হাওর গ্রুপ ফিসারী (বদ্ধ) (আন্তঃজেলা জলমহাল) | খলিলপুর-২০<br>সাধুহাটি-২১<br>চিন্তামনি-৫৫<br>পদুনাপুর-৫৬<br>ভরারী-১৩১ | ২৪৮.৪১ | ২৩,৯১,৬২২/- | ২৯,৮৯,৫২৮/- | |

| ক্র. | জলমহালের নাম | মৌজা ও জে.এল নম্বর | পরিমাণ (একরে) | বিগত ০৩ বছরের মধ্যে সর্বোচ্চ ইজারামূল্য | ২৫% বর্ধিত হারে সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | **উপজেলা: শ্রীমঙ্গল** | | | | | |
| (১৩) | চিরুয়াডুবি বিল (বদ্ধ) | দক্ষিণ পাচাউন-১৪<br>বৌলাশীর-১৫ | ২৩১.৭৩ | ৪,৩১,১১৪/- | ৫,৩৮,৮৯৩/- | |
| (১৪) | গোপলা ৪র্থ খন্ড (বদ্ধ) | ভীমশী-১৮<br>ভুনবীর-২৩ | ৫২.২৯ | ১,৮৭,২৪৪/- | ২,৩৪,০৫৫/- | |
| (১৫) | ০১ নং বিলডুবি বিল (বদ্ধ) | হাইল হাওর-৪৪ | ৮২৯.৮৭ | ৭,২৪,৮১৯/- | ৯,০৬,০২৪/- | |
| (১৬) | পোহানিয়া ডোবা (বদ্ধ) | হাইল হাওর-৪৪ | ২৩৭.৯৩ | ৩,৪৪,৩৯৩/- | ৪,৩০,৪৯১.২৫ | |
| | **উপজেলা: রাজনগর** | | | | | |
| (১৭) | পেয়ালা বিল (বদ্ধ) | হাওর কাউয়াদিঘী পশ্চিম-৮ | ২৭.৬৩ | -- | ৪,০৭,৪৩৭ | |
| (১৮) | ভুয়ানাগা বিল ও নেয়ামতের ডোবা (বদ্ধ) | হাওর কাউয়াদিঘী পশ্চিম-৮ | ৬৩.৩৭ | -- | ৬,৯১,৭৪০/- | |
| (১৯) | সিংগুয়া বিল (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পূর্ব-৩৭ | ৩৫.৫০ | ৪,২৫,২৫০/- | ৫,৩১,৫৬৩/- | |
| (২০) | মুনিয়া বিল (বদ্ধ) | সাদাপুর-১৪<br>বেড়কুড়ি-১১ | ৪১.৫৯ | ৯১,৩৩৭/- | ১,১৪,১৭১.২৫ | |
| (২১) | চাতলা ও বুড়িজুরী বিল (বদ্ধ) | উত্তরভাগ-৩২<br>সুনামপুর-১৫ | ২৯.৯৪ | ১,৯৩,৪৭৭/- | ২,৪১,৮৪৬.২৫ | |
| (২২) | হরিপাশা আনবিল (বদ্ধ) | হরিপাশা-১২৭ | ৪২.৩৬ | ২,৩৭,০০০/- | ২,৯৬,২৫০/- | |
| (২৩) | মাছুয়া বিল (বদ্ধ) | ঘড়গাঁও-৮০<br>বানাইত-৮২<br>পশ্চিমভাগ-৫২<br>কুবঝাড়-৫১<br>জাউয়া-৮১ | ২৪.৮৯ | ১,৩৬,০০০/- | ১,৭০,০০০/- | |
| | **উপজেলা: কুলাউড়া ও জুড়ী** | | | | | |
| (২৪) | চকিয়া বিল গ্রুপ (বদ্ধ) | চাতলা হাওর-১৭২<br>কোরবানপুর-২১ | ৬৬১.৪০ | ১,২৯,৮০,৯৮৪/- | ১,৬২,২৬,২৩০/- | |
| (২৫) | গোগালীছড়া (বদ্ধ) | দৌলতপুর-৫৫<br>মীরশংকর-৬৭<br>কোরবানপুর-২১<br>শাহাপুর-২২ | ২৬.৬০ | ১,৭২,৬২০/- | ২,১৫,৭৭৫/- | |
| | **উপজেলা: জুড়ী** | | | | | |
| (২৬) | চাতলা বিল গ্রুপ (বদ্ধ) | চাতলা হাওর-১৭২ | ৫১৮.০০ | ৮২,৮১,২৫০/- | ১,০৩,৫১,৫৬৩/- | |
| | **উপজেলা: বড়লেখা** | | | | | |
| (২৭) | দুধাই বিল (বদ্ধ) | সিংজুড়ী-৮৮ | ৬৯.৮৪ | --- | ৬,১৪,৫১৩/- | |

| ক্র. | জলমহালের নাম | মৌজা ও জে.এল নম্বর | পরিমাণ (একরে) | বিগত ০৩ বছরের মধ্যে সর্বোচ্চ ইজারামূল্য | ২৫% বর্ধিত হারে সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (২৮) - | বড়ঝালাই গ্রুপ (বদ্ধ) | বড়থল-১২৯ | ৫৭.৮৬ | ১,০০,০০০/- | ১,২৫,০০০/- | রিট পিটিশন নম্বর-১২২৫৬/২০২৩ |
| (২৯) | এরাল বিল (বদ্ধ) | মাইজগ্রাম-১২৪ নিজবাহাদুরপুর-১৯ | ৭৭.৭৪ | ৩,২৬,৪৫৫/- | ৪,০৮,০৬৯/- | |
| (৩০) | কালাপানি বিল (বদ্ধ) | হাকালুকি হাওর-৮৫ | ২৮৬.০৮ | ১০,৫৩,৩৩৬/- | ১৩,১৬,৬৭০/- | |
| (৩১) | মালাম বিল (বদ্ধ) | দ্বিতীয়ারদেহী-৮৩ | ৪২৮.৯২ | ২৬,৭১,৬৭৯/- | ৩৩,৩৯,৫৯৯/- | রিট পিটিশন নম্বর-১১৯২১/২০২৩ এবং ১৫০৪১/২০২৩ |
| (৩২) | হোগলা বরাং তামসাকুড়ি ও সিংজুড়ী গ্রুপ (বদ্ধ) | সিংজুরী-৮৮ ইসলামপুর-৮৪ | ৫৫৬.৯৪ | ৪২,১৬,৫৬৩/- | ৫২,৭০,৭০৪/- | |

14.10.025

(মোঃ ইসরাইল হোসেন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মৌলভীবাজার
ফোন: ০২৪১১১০৪০২
ই-মেইল: dcmoulvibazar@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১৬.০০৩০.২৫- ২৪৯৬/১(৩৭)

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ
৪. উপ-ভূমি সংস্কার কমিশনার, সিলেট বিভাগ
৫. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ
৬. পুলিশ সুপার, মৌলভীবাজার
৭. সিভিল সার্জন, মৌলভীবাজার
৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার/সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ
৯. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার
১০. জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার
১১. জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার
১২. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পওর বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার।
১৩. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি মাইকযোগে গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৪. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার
১৫. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মৌলভীবাজার



CamScanner

১৬. প্রশাসক ............................. পৌরসভা (সকল), মৌলভীবাজার
১৭. প্রশাসক ............................. উপজেলা পরিষদ (সকল), মৌলভীবাজার
১৮. উপজেলা নির্বাহী অফিসার ............................. (সকল), মৌলভীবাজার (নোটিশ বোর্ড ও উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১৯. সহকারী কমিশনার (ভূমি) ............................. (সকল), মৌলভীবাজার (নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল ও আওতাধীন ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে বিজ্ঞপ্তিটি মাইক/ঢোলসহরতের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)
২০. সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
২১. সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
২২. উপজেলা মৎস্য/সমবায় কর্মকর্তা, ............................. (সকল), মৌলভীবাজার (তার আওতাধীন সকল মৎস্যজীবী/মৎস্যজীবী সংগঠন/মৎস্যজীবী সমবায় সমিতি বরাবর বহুল প্রচারের অনুরোধসহ)
২৩. চেয়ারম্যান, ......................................... ইউনিয়ন পরিষদ (সকল), মৌলভীবাজার (নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল ও আওতাধীন ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে বিজ্ঞপ্তিটি মাইক/ঢোলসহরতের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)
২৪. সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ ........................................................ [বিজ্ঞপ্তিটি আগামী ১৫.১০.২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ৪ কলাম ১৩ ইঞ্চি আকারে ৮ ফন্ট সাইজে তার পত্রিকার ভিতরের পাতায় সীমিত পরিসরে (Single Space) কেবলমাত্র ০১ (এক) দিনের জন্য (সরকারি ছুটির দিন ব্যতীত) প্রকাশ এবং বিজ্ঞাপনটি প্রকাশের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ০৫(পাঁচ) টি পত্রিকার কপিসহ বিজ্ঞাপন বিল এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ)
২৫. জনাব ..........................................................................................
২৬. এ কার্যালয়ের নোটিশ বোর্ড
২৭. অফিস কপি/মাস্টার কপি

(সানজিদা আক্তার)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মৌলভীবাজার
ফোন: ০২৪১১১০৩৯৭
ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd